তারিখ ... 03 FEB 2016 ...
পৃষ্ঠা ...১৬... কলাম ...৪......

সংবাদ

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি আইন পাস চলতি সংসদ অধিবেশনেই

নিজস্ব বার্তা পরিবেশক

'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি' আইন জাতীয় সংসদের চলতি অধিবেশনেই পাস হচ্ছে। আইসিটি (তথ্যপ্রযুক্তি) শিক্ষার গুণগত উৎকর্ষের মাধ্যমে উন্নয়নের গতি ত্বরান্বিত করাই বিশেষায়িত এই ইউনিভার্সিটি প্রতিষ্ঠার মূল লক্ষ্য। এই প্রতিষ্ঠানে বিজ্ঞান, প্রকৌশল, প্রযুক্তি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সঙ্গে সম্পর্কিত বিষয়ে পাঠদান এবং তাত্ত্বিক ও প্রায়োগিক বিষয়ের ওপর গবেষণা হবে। তবে ইউনিভার্সিটির ক্যাম্পাস স্থাপনের জমি বরাদ্দ নিয়ে কিছুটা জটিলতায় পড়েছে শিক্ষা মন্ত্রণালয়। ডিজিটাল বিশ্ববিদ্যালয়ে প্রকৌশল ও প্রযুক্তি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সঙ্গে সম্পর্কিত সব ধরনের টেকনোলজি নিয়ে পাঠদান ও গবেষণা হবে। ক্যাম্পাসের জমির **ডিজিটাল** : পৃষ্ঠা : ২ ক : ৩

## ডিজিটাল : ইউনিভার্সিটি

(১৬ পৃষ্ঠার পর)

বিষয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল বলেন, 'দু-একদিনের মধ্যেই আলোচনা করে এ বিষয়ে চূড়ান্ত করা হবে।'

মন্ত্রী নতুন এ পাবলিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কাজে সন্তোষ প্রকাশ করে বলেন, 'কাজ সুন্দরভাবে এগোচ্ছে। জাতীয় সংসদের চলতি অধিবেশনেই পাস করা হবে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি' আইন। আমরা আশা করি দ্রুত সময়ের মধ্যেই ইউনিভার্সিটি করতে পারব।'